ঙ) কবি শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতাটির মূলভাব সংক্ষেপে লেখো।

চ) 'মানুষ' কবিতায় কবির ব্যক্তিজীবনের যে হাহাকারের চিত্র ফুটে উঠেছে তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আহমদ শরীফ রচিত 'ভাষা-সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি' প্রবন্ধে যে কথা সূত্রের উল্লেখ করেছেন তা আলোচনা করো।

খ) কবি দাউদ হায়দার রচিত 'তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে' — কবিতাটির মূল বক্তব্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

গ) 'কবর' নাটক অবলম্বনে 'হাফিজ' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

ঘ) হাসান আজিজুল হক রচিত 'জননী' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

———————





# ২০২৪

# বাংলা

## (অনার্স)

## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

**পঞ্চম সেমেস্টার**

**কোর্স কোড : BNGH-DSE-T-2**

**(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)**

**[ পুরাতন পাঠক্রম ]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) "... সংকট সমস্যা থেকে লাগাতার বা একটানা মুক্ত থাকতে পারেন ... ।" — কার লেখা, কোন প্রবন্ধের অন্তর্গত? প্রাবন্ধিক কোন সংকট সমস্যার কথা বলেছেন?

খ) "ব্রিটিশ সরকার পাদ্রি ও ব্রিটিশ সহকারী ও সহযোগী হিন্দুরাই হিন্দুর ভাষা বাংলা মুসলিমদের উপর উনিশ শতকে চাপিয়ে দিয়েছে....." — কোন প্রবন্ধের অন্তর্গত? কোন প্রসঙ্গে প্রাবন্ধিক একথা বলেছেন?

গ) "... অস্তগামী সূর্যের শেষ রেশ, লক্ষ মানুষ নিহত, এই তো বাংলাদেশ"? — কার লেখা, কোন্ প্রবন্ধের অন্তর্গত? গানটি কে গেয়েছে?

ঘ) "ঝুটা! তুমি কোনো পার্থক্য বোঝ না। কিচ্ছু চেন না। তুমি বাঁচার না-লায়েক। তোমার মতো জিন্দা আদমিকে কেউ দোয়া করে না।" — কে, কাকে একথা বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন?

ঙ) "--তুমি যবে ছিলে অনাত্মীয় পরিবেশে।--" 'তুমি' বলতে কবি কাকে বুঝিয়েছেন? অনাত্মীয় পরিবেশ কেন বলা হয়েছে?

চ) "জীবন্ত একটি ছেলের মুখ দেখবার জন্যে একটি তীক্ষ্ণ আকাঙ্খা তার বুক ফেটে জাগে।" — কার লেখা, কোন্ গল্পের অংশ? কে জীবন্ত ছেলের মুখ দেখতে চায়?

ছ) "পেছনে তাদের একটি মিছিল লাগে, অন্ধকারের মধ্যে লন্ঠনের আলো হেলে-দোলে।" — কাদের পেছনে, কেন মিছিল লাগে?

জ) "—ও তোমার দয়া ভিক্ষা করছে না — কঠিন মেহনত করে তোমার কাছ থেকে রুজিটা পাচ্ছে" — কে, কাকে এই উক্তিটি করেছেন? 'ও' বলতে কাকে বোঝানো হয়েছে?

ঝ) 'স্বাধীনতা তুমি' কবিতায় কবি শামসুর রাহমান স্বাধীনতাকে কার অবাধ সাঁতারের সঙ্গে তুলনা করেছেন? কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

ঞ) "শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারি উজ্জ্বল সভা" — কার লেখা? কোন কবিতার অংশ?



ট) "... রামপ্রসাদের কাছে ক্ষমা প্রার্থনাপূর্বক/নিরঞ্জনের পৃথিবী" — উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? রামপ্রসাদ কে ছিলেন?

ঠ) "---ঘোরটা থামে না, সিনেমা চলতে থাকে, নিষ্পাপ নিষ্কলঙ্ক শিশু আসছে, ... সমস্ত পৃথিবীর অপেক্ষা তার জন্য।" —কে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন? গল্পটির নাম লেখো।

ড) "এখনো ঘুমোসনি বাবা, কতো রাত হয়ে গেছে, যাও শুয়ে পড়ো।" — কোন রচনার অংশ? কে, কাকে একথা বলেছে?

ঢ) "শেলী কতো বার ডেকেছেগো, 'এই রঞ্জু, খেলবিনিকি, আমার ভয় করতো, আমি একদিনো খেলিনি।" — কে একথা বলেছেন? 'শেলী' কে?

ণ) "কিন্তু স্পষ্টত মুসলিম আমলে রচিত কাহিনীগুলিতে হিন্দু-মুসলিম নির্বিশেষে সকল ধর্ম, বর্ণ ও শ্রেণির মানুষকে সংসারী সাধারণ মানুষের দোষ-গুণে ভূষিত করা হয়েছে।" — কার লেখা, কোন্ প্রবন্ধের অন্তর্গত?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'কেরায়া' ছোটো গল্পের 'এতিম' চরিত্রটি বিশ্লেষণ করো।

খ) আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'নিরুদ্দেশ যাত্রা' গল্পের 'রঞ্জু' চরিত্রের গুরুত্ব বিচার করো।

গ) 'কবর' নাটক অবলম্বনে 'নেতা' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

ঘ) 'বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত' প্রবন্ধে প্রাবন্ধিক আবু জাফর সামসুদ্দিন যে সাধারণ সিদ্ধান্তের কথা উল্লেখ করেছেন তার পরিচয় দাও।